



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

মনোবিজ্ঞান বিভাগে 'গবেষণা প্রতিবেদন লেখার নিয়মাবলী: APA-এর ৬ষ্ঠ সংস্করণ (২০১০) অনুযায়ী' গ্রন্থের মোড়ক উন্মোচন



২৪ জানুয়ারি-২০১৮, বুধবার, সকাল ১১টায় মনোবিজ্ঞান বিভাগে 'গবেষণা প্রতিবেদন লেখার নিয়মাবলী: APA-এর ৬ষ্ঠ সংস্করণ (২০১০) অনুযায়ী' গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান সিগমুন্ড ফ্রয়েড কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা-এর সভাপতিত্বে আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন বিভাগীয় অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন এবং অধ্যাপক ড. নূর মোহাম্মাদ এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী।

অনুষ্ঠানে সূচনা বক্তব্য প্রদান করেন মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও গ্রন্থটির লেখক ড. মুহাম্মদ আকরাম উজ্জামান। এসময় বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের অধ্যাপক ও মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক জিনুন নাহার, সিলেট সরকারি এম সি কলেজের মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. আ. স. ম. আজিজুল ইসলাম, মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক মাহাদী হাসান বাপ্পা, সেবা মানসিক হাসপাতালের অপারেশন-ইন-চার্জ আরিফুল হক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক মুহাম্মদ নূরুল্লাহ, সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ জাফর ইকবাল, বিভাগীয় শিক্ষক, সাংবাদিক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।